

Times Today BD

রকিবুল হাসান রকি | দেশজুড়ে | 17 April, 2025

কলেজছাত্রীকে এডিট করা নগ্ন ছবি পাঠিয়ে হুমকি দেওয়ার অভিযোগে মনোয়ার হোসেন মুন্না (২৮) নামের এক যুবককে রাজশাহীর পুঠিয়া থেকে গ্রেপ্তার করেছে র্যাব-৫।

গ্রেপ্তারকৃত মুন্না পুঠিয়া উপজেলার ঝলমলিয়া বাজার এলাকার বাসিন্দা।

বুধবার দিবাগত রাতে ঝলমলিয়া এলাকা থেকে তাঁকে গ্রেপ্তার করে র্যাব-৫ রাজশাহীর মোল্লাপাড়া ক্যাম্পের একটি দল।

১৭ এপ্রিল (বৃহস্পতিবার) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

র্যাব জানায়, রাজশাহীর একটি সরকারি কলেজের অনার্স তৃতীয় বর্ষে অধ্যয়নরত এক ছাত্রী ওই যুবকের বিরুদ্ধে নগরের বোয়ালিয়া মডেল থানায় পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইনে মামলা করেন।

মামলায় অভিযোগ করা হয়, ২০২৩ সালের ১১ জুলাই মুন্না ইমেইলের মাধ্যমে ছাত্রীর কাছে তাঁর একটি এডিট করা নগ্ন ছবি পাঠিয়ে হুমকি দেন পরে বিভিন্ন নামে একাধিক জিমেইল অ্যাকাউন্ট ব্যবহার করে ওই ছাত্রীর ছবি পাঠাতে থাকেন মুন্না।

এছাড়া, সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকের মাধ্যমে ছবিটি ছড়িয়ে দেন ছাত্রীর পরিচিতদের কাছে।

ঘটনার পর র্যাব ছায়া তদন্ত শুরু করে এবং অভিযুক্তকে শনাক্ত করে করে। পরে অভিযান

চালিকে তাকে গ্রেপ্তার করা হয়। আইনি পদক্ষেপের জন্য অভিযুক্ত মুন্সাকে রাজশাহী নগরীর বোয়ালিয়া থানায় হস্তান্তর করা হয়।

কলেজছাত্রী অভিযোগ নগ্ন ছবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 05:31

URL: <https://timestodaybd.com/public/across-the-country/775807959>